# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 24.07.2024　　　　　　Time: 7.50 P.M.**

-

বিশেষ বিশেষ খবর –

১/ ডাক্তারিতে সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা তুলে দিয়ে রাজ্যগুলির হাতে এই পরীক্ষা নেওয়ার এক্তিয়ার পুনরায় ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়ে বিধানসভায় এক প্রস্তাব গৃহীত হয়েছে।

২/ কেন্দ্রীয় সরকার চলতি অর্থবর্ষের রেল বাজেটে এরাজ্যের জন্য ১৩ হাজার কোটি টাকার বেশী বরাদ্দ করেছে।

৩/ রাজ্য সরকারের সঙ্গে বৈঠকের পর আলু ব্যবসায়ীদের ধর্মঘট প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

৪/ দাড়িভিটে পুলিশের গুলিতে নিহত দুই স্কুল ছাত্র রাজেশ সরকার ও তাপস বর্মনের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশের ওপর কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ স্থগিতাদেশ দিয়েছে।

৫/ মালদার গাজোলে এক দুঃসাহসিক ব্যাঙ্ক ডাকাতির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। ডাকাতদের গুলিতে আহত এক ব্যাঙ্ক কর্মী।

৬/ আজ কিংবদন্তী অভিনেতা উত্তম কুমারের প্রয়াণ দিবস। রাজ্য সরকার আজ মহানায়ক সম্মান প্রদান করেছে।

*****************************************************************

ডাক্তারিতে সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা তুলে দিয়ে রাজ্যগুলির হাতে এই পরীক্ষা নেওয়ার এক্তিয়ার পুনরায় ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছে রাজ্য সরকার। বিধানসভায় আজ এই মর্মে এক প্রস্তাব গৃহীত হয়। একটি নির্দিষ্ট সংস্থার মাধ্যমে সর্বভারতীয় নিট পরীক্ষার আয়োজন করে কেন্দ্রীয় সরকার লক্ষ লক্ষ পরীক্ষার্থীর ভবিষ্যৎকে অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছে বলে ওই প্রস্তাবের অভিযোগ করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু বলেন, কিছু পরীক্ষার্থীকে গ্রেস নম্বর দেওয়ার ফলে ২৪ লক্ষ পড়ুয়ার সঙ্গে অবিচার হয়েছে। নিট পরীক্ষায় যে প্রশ্ন ফাঁস হয়েছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী তা স্বীকার করে নিলেও প্রধানমন্ত্রী ওই ঘটনা নিয়ে নীরব রয়েছেন। প্রস্তাবটির উত্থাপক পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, কেন্দ্রীয় সরকারের নতুন শিক্ষানীতিতে সমগ্র শিক্ষা ব্যবস্থার কেন্দ্রীকরণ, বাণিজ্যিকীকরণ, মেরুকরণ এবং দুর্নীতির প্রভাব পড়েছে। নিট পরীক্ষা অনিয়ম স্বাধীনতার পরে সব থেকে বড় দুর্নীতি বলে তিনি অভিযোগ করেন।

অন্যদিকে, আলোচনায় অংশ নিয়ে বিরোধী দল বিজেপি, এই প্রস্তাবের সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তোলে। দলের বিধায়ক দীপক বর্মন ও বিশ্বনাথ কারক রাজ্যের SSC পরীক্ষা দুর্নীতির কথা তুলে ধরে বলেন, পশ্চিমবঙ্গের হাতে ডাক্তারি পড়ুয়াদের প্রশ্নপত্র তৈরির ভার দিলে পরিস্থিতি আরও শোচনীয় হবে। অশোক লাহিড়ী অভিযোগ করেন, সরকার পক্ষের আনা প্রস্তাবে নিট দুর্নীতিতে কোচিং সেন্টারগুলির ভূমিকার কথা বলা হলেও এ'রাজ্যে প্রাইভেট টিউশন এবং কোচিং কুটির শিল্পে পরিণত হয়েছে।

আলোচনার শেষে প্রস্তাবটি ধ্বনি ভোটে সভায় গৃহীত হয়।

*********************

বাজেটে অবিজেপি শাসিত রাজ্যগুলির প্রতি বৈষম্য, নিট UG পরীক্ষায় দুর্নীতি সহ সরকারের বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস আজ লোকসভায় সরব হয়। দলের সাধারণ সম্পাদক সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, কেন্দ্রে NDA সরকার ক্ষমতায় আসার আগে আচ্ছে দিনের কথা বললেও বিভিন্ন ক্ষেত্রে মানুষ বঞ্চিত হচ্ছে। এ'ব্যাপারে 'সব কা সাথ সবকা বিকাশ'-এর

প্রসঙ্গ তুলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিতর্কিত মন্তব্যের কথাও স্মরণ করিয়ে দেন। নিটের প্রশ্নপত্র ফাঁস দেশের অন্যতম বড় দুর্নীতি বলেও মন্তব্য করেন তিনি। নারী নিগ্রহের প্রসঙ্গে সরকার ও বিরোধী পক্ষের মধ্যে বাদানুবাদ শুরু হলে দু'পক্ষের'ই বিতর্কিত মন্তব্য সভার কার্য বিবরণী থেকে বাদ দেওয়া হয়।

*********************

বিধানসভার লবিতে ধাক্কা মারার ঘটনায় শাসকদলের এক বিধায়কের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিয়েছেন। তার অভিযোগ, তৃণমূল কংগ্রেসের পূর্বস্থলীর বিধায়ক, সংবাদমাধ্যম ও অন্যান্য বিধায়কদের সামনে ইচ্ছাকৃত তাঁকে ধাক্কা দিয়েছেন। এই নিয়ে দ্বিতীয়বার বিরোধী দলের বিধায়কদের উপর আক্রমণ হয়েছে। বিজেপি বিধায়কদের ব্যক্তিগত নিরাপত্তা রক্ষী হিসেবে যে কেন্দ্রীয় বাহিনীকে মোতায়ন করা হয়েছে,তাদের বিধানসভা চত্বরে প্রবেশ করতে দেওয়া হয় না। এর ফলে বিরোধী বিধায়কদের কোন নিরাপত্তা নেই। এদের কোনো ক্ষতি হলে তার জন্য অধ্যক্ষ দায়ী থাকবেন বলে বিরোধী দলনেতা চিঠিতে স্পষ্ট জানিয়েছেন।

এর আগে, নারী নির্যাতন নিয়ে বিধানসভায় আলোচনার দাবী মঞ্জুর না হলে বিজেপি আজ সভা থেকে ওয়াক-আউট করে। সে সময় বিধানসভার অলিন্দে শুভেন্দু অধিকারীর সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন শাসকদলের পূর্বস্থলীর বিধায়ক তপন চট্টোপাধ্যায়। তপন বাবু অবশ্য অভিযোগ অস্বীকার করেছেন।

*********************

কেন্দ্রীয় সরকার ২০২৪-২৫ অর্থবর্ষের রেল বাজেটে এরাজ্যের জন্য ১৩হাজার ৯৪১কোটি টাকা বরাদ্দ করেছে। দিল্লি থেকে আজ ভার্চুয়ালি এক সাংবাদিক বৈঠকে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন, ইউপিএ সরকারের আমলে পশ্চিমবঙ্গ থেকে রেলমন্ত্রী থাকলেও বাংলার জন্য শুধু ৪হাজার ৩৮০কোটি টাকা বরাদ্দ এবং প্রকল্পের ঘোষণা হয়েছে। তিনি বলেন, এরাজ্যে ১০০টি স্টেশনকে

অমৃত স্টেশনে পরিণত করা হবে। বর্তমানে রাজ্যে ৬০ হাজার কোটি টাকার নতুন রেল প্রকল্পের কাজ চলছে। শ্রী বৈষ্ণব এই প্রকল্পগুলির কাজে জমি অধিগ্রহণ, আইন শৃঙ্খলা সহ বিভিন্ন ক্ষেত্রে সহায়তার জন্য রাজ্য সরকারের কাছে আবেদন জানান।

রেল দুর্ঘটনা সম্পর্কে এক প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, UPA সরকারের তুলনায় দুর্ঘটনা ৬০ শতাংশ কম হয়েছে। সুরক্ষার বিষয়ে আরো বেশি সতর্ক হওয়া প্রয়োজন এবং সুরক্ষা বৃদ্ধিতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে বিষয়টি নিয়ে রাজনীতি করা উচিত নয়।

*********************

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করে উত্তরবঙ্গকে, উত্তর-পূর্ব ভারতের অঙ্গ হিসেবে যুক্ত করার প্রস্তাব পেশ করেন। এক ভিডিও বার্তায় মন্ত্রী বলেন, উত্তরবঙ্গের বিভিন্ন বিষয়ে, দেশের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সঙ্গে মিল রয়েছে। এটি নর্থ ইস্ট-এর অঙ্গ হিসেবে অন্তর্ভুক্ত হলে, বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের জন্য আরো বেশি পরিমাণ অর্থ পাওয়া যাবে ও এক্ষেত্রে রাজ্য সরকারের কাছ থেকে সহযোগিতা পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন সুকান্ত মজুমদার।

*********************

দেশের আর্থিক উন্নয়নে আয়কর দপ্তরের বিশেষ অবদান রয়েছে বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস জানিয়েছেন। কলকাতায় আজ ১৬৫তম আয়কর দিবস উদযাপন অনুষ্ঠানে এক ভিডিও বার্তায় রাজ্যপাল আয়কর দপ্তরের কাজের প্রশংসা করে বলেন, কর সংগ্রহ দেশে আয়ের বিশেষ উৎস। কর সংগ্রহ বাড়ায় দেশের আয় বৃদ্ধি হয়েছে। বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে আয়কর দপ্তরের ভূমিকা রয়েছে বলেও তিনি জানান।

অন্যদিকে, অপর এক ভিডিও বার্তায় আয়কর দপ্তরের চেয়ারম্যান রবি আগরওয়াল জানিয়েছেন, প্রযুক্তির ব্যবহারে কর সংগ্রহের পরিমাণ বাড়ছে। যা সরকারি রাজস্ব বৃদ্ধিতে সহায়ক

উল্লেখ্য, প্রতিবছর ২৪শে জুলাই আয়কর দিবস পালিত হয়। এবছর এই দিনটি উদযাপনের মূল উদ্দেশ্য হলো- করদাতাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং কর দেওয়ার গুরুত্ব সম্পর্কে প্রচার করা।

*********************

রাজ্য সরকারের সঙ্গে বৈঠকের পর আলু ব্যবসায়ীদের ধর্মঘট প্রত্যাহার করে নেওয়া হয়েছে। আজ রাত থেকেই হিমঘরে থেকে আলু বেরোনো শুরু হবে। আগামীকাল থেকে বাজারে আলুর জোগান স্বাভাবিক হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। এর ফলে দাম'ও কিছুটা কমবে।
হুগলির হরিপালে আজ কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্নার সঙ্গে প্রগতিশীল আলু ব্যাবসায়ী সমিতির বৈঠকের পর যৌথভাবে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়। মন্ত্রী বলেন, হিমঘর থেকে ২৬ টাকা কিলো দরে আলু দেওয়া হবে। ব্যবসায়ীরা যদি কথা রাখেন, তাহলে বাজারে ৩০ টাকারও কম দামে আলু পাওয়া যাবে। তাঁর দাবি, দেশের অন্যান্য রাজ্যের তুলনায় এরাজ্যে আলুর দাম কম। তবে ব্যবসায়ীরা আলু বাইরে পাঠানোর যে দাবি জানিয়েছেন, যোগান স্বাভাবিক হলে তারপরই সেটা নিয়ে ভাবা হবে। অন্যদিকে, প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতির তরফে লালু মুখার্জি জানান, মানুষের স্বার্থে ধর্মঘট তুলে নেওয়া হচ্ছে। তবে রাজ্যের বাইরে আলু পাঠানোর পথ খোলার দাবি জানিয়ে ফের সরকারের কাছে লিখিত আবেদন জানাবেন।

*********************

উত্তর দিনাজপুরের দাড়িভিটে পুলিশের গুলিতে নিহত দুই স্কুল ছাত্র রাজেশ সরকার ও তাপস বর্মনের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশের ওপর কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ স্থগিতাদেশ দিয়েছে। দাড়িভিটের স্কুলে ছাত্র মৃত্যুর ঘটনায় NIA তদন্ত এবং পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিয়েছিলেন বিচারপতি রাজাশেখর মান্থা। যদিও ক্ষতিপূরণের অংক নির্দিষ্ট করে জানায়নি সিঙ্গল বেঞ্চ। রাজ্য সরকার ওই নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে যায়। আজ প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে সেই মামলার শুনানি হয়। রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত

পরিবারগুলিকে দু'লক্ষ টাকা ক্ষতিপূরণের কথা জানালেও ২০ লক্ষ টাকা আর্থিক সহায়তার দাবি জানায় দুই পরিবার। এ নিয়ে প্রশ্ন তোলেন প্রধান বিচারপতি। কেন এত টাকা ক্ষতিপূরণ চাওয়া হচ্ছে তা দুই পরিবারকে জানাতে বলা হয়েছে।

আগামী নভেম্বর মাসে পরবর্তী শুনানি পর্যন্ত সিঙ্গল বেঞ্চের ক্ষতিপূরণের নির্দেশ স্থগিত থাকবে বলে ডিভিশন বেঞ্চ আজ নির্দেশ দিয়েছে।

২০১৮ সালের সেপ্টেম্বরে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হয়ে ওঠে উত্তর দিনাজপুরের ইসলামপুরের দাড়িভিট হাইস্কুল। সংঘর্ষে মৃত্যু হয় রাজেশ এবং তাপসের। গুলিবিদ্ধ হয়ে তাঁদের মৃত্যু হয় বলে অভিযোগ।

*********************

মালদার গাজোল থানার কৃষ্ণপুর এলাকায় আজ এক দুঃসাহসিক ব্যাঙ্ক ডাকাতির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

দুপুরে কৃষ্ণপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতির ব্যাঙ্কে হঠাৎ'ই সাত-আটজনের একটি ডাকাত দল বন্দুক হাতে ঢুকে পড়ে। চলে এলোপাথাড়ি মারধোর। ব্যাঙ্কের ক্যাশিয়ার যোগেশ্বর মন্ডলকে লক্ষ্য করে গুলি চালায় তারা। গুলি তাঁর পেটে লাগে। এরপরই ব্যাঙ্কের ৬'লক্ষ টাকা লুঠ করে ডাকাতরা চম্পট দেয়। বছর ৩২-এর যোগেশ্বরকে গুরুতর জখম অবস্থায় মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুষ্কৃতীদের হামলায় আরো দুই ব্যাঙ্ক কর্মী আহত হন। জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব জানিয়েছেন, CCTV ফুটেজ দেখে ডাকাতদের খোঁজে তল্লাশি শুরু হয়েছে। জেলা জুড়ে চলছে নাকা চেকিং।

*********************

আজ কিংবদন্তী অভিনেতা উত্তম কুমারের প্রয়াণ দিবস। এ'নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন-

( ভিসি- ক্যাপসুল উত্তম কুমার)

এদিকে, আলিপুরে ধনধান্য প্রেক্ষাগৃহের বাইরে আজ অনুষ্ঠানের তোরন ভেঙে দুজন আহত হয়েছেন। তাঁদের SSKM হাসপাতালের ট্রমা কেয়ারে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে।

*********************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে আজ ইস্টবেঙ্গল ২-০ গোলে রেলওয়ে এফ সি-কে হারিয়ে দিয়েছে। গোল করেছেন মহম্মদ মুশারফ ও আদিল আমল।

ইস্টবেঙ্গলের ষষ্ঠ ম্যাচে এ'টি পঞ্চম জয়। ১৬ পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল গোল পার্থক্যে লীগ শীর্ষে উঠে এসেছে।

প্রিমিয়ার লীগের অন্য ম্যাচে রবীন্দ্র সরোবর ষ্টেডিয়ামে সাদার্ন সমিতি ১-০ গোলে কালীঘাট মিলন সংঘকে হারিয়ে দিয়েছে।

নৈহাটিতে সুরুচি সংঘ ১-০ গোলে এরিয়ানের বিরূদ্ধে জয়ী হয়েছে।

************************************************************